

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৫৫

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, কা'ব হলো পায়ের পাতার উপরিভাগে উদগত হাড়ি; পায়ের দুই পাশে উদগত হাড়ি নয়- তার কথা অপনোদনে হাদীস

ذَكَرَ الْخَبْرَ الْمَدْحُضُ قَوْلَ مَنْ زَعَمَ أَنَّ الْكَعْبَ هُوَ الْعِظْمُ النَّاتِيءُ عَلَى ظَاهِرِ الْقَدَمِ دُونَ الْعِظْمَيْنِ النَّاتِيئَيْنِ عَلَى جَانِبَيْهِمَا

আরবী

1055 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: حَدَّثَنَا يُونُسُ عَنْ ابْنِ شِهَابٍ أَنَّ عَطَاءَ بْنَ يَزِيدَ اللَّيْثِيَّ أَخْبَرَهُ أَنَّ حُمْرَانَ مَوْلَى عُثْمَانَ أَخْبَرَهُ: أَنَّ عُثْمَانَ بْنَ عَفَّانَ - رِضْوَانُ اللَّهِ عَلَيْهِ - دَعَا بِوَضُوءٍ فَتَوَضَّأَ وَغَسَلَ كَفَّهُ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ مَضَمَّ وَاسْتَنْشَقَ ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُمْنَى إِلَى الْمِرْفَقِ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ غَسَلَ يَدَهُ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ ثُمَّ غَسَلَ رِجْلَهُ الْيُمْنَى إِلَى الْكَعْبَيْنِ ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ غَسَلَ رِجْلَهُ الْيُسْرَى مِثْلَ ذَلِكَ ثُمَّ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَوَضَّأَ نَحْوَ وَضُوءِي هَذَا ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ تَوَضَّأَ نَحْوَ وَضُوءِي هَذَا ثُمَّ قَامَ فَرَكَعَ رَكْعَتَيْنِ - لَا يُحَدِّثُ فِيهِمَا نَفْسَهُ - غُفِرَ اللَّهُ لَهُ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِهِ)

الراوي : حُمْرَانُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1055 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০৫৫. হুমরান বলেন, উসমান বিন আফ্ফান রাছিয়াল্লাহু আনহু ওয়ুর পানি আনতে বললেন, অতঃপর তা দিয়ে ওয়ূ করলেন; তিনি হাতের কবজি পর্যন্ত তিনবার ধৌত করলেন, তারপর কুলি করলেন ও নাক ঝাড়লেন, তারপর তিনবার মুখ ধৌত করলেন, তারপর তিনবার কনুই পর্যন্ত হাত ধৌত করলেন, তারপর অনুরূপভাবে বাম হাতও

ধৌত করলেন, তারপর মাথা মাসেহ করলেন, তারপর তিনবার ডান পা টাখনু পর্যন্ত ধৌত করলেন, তারপর অনুরূপভাবে বাম পা-ও ধৌত করলেন। তারপর তিনি বললেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরকম ওয়ূ করতে দেখেছি। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে ব্যক্তি আমার এই ওয়ূর ন্যায় ওয়ূ করবে, তারপর দাঁড়িয়ে দুই রাকা‘আত সালাত আদায় করে, যাতে সে নিজের সাথে ভিন্ন আলোচনায় লিপ্ত হয় না, তবে মহান আল্লাহ তার পূর্বের গোনাহ সমূহ ক্ষমা করে দিবেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৬; নাসাঈ: ১/৮০; দারাকুতনী: ১/৮৩; বাইহাকী: ১/৪৯; সহীহ ইবনু খুযাইমাহ: ৩; মুসান্নাফ আব্দুর রায়যাক: ১৩৯; সহীহ বুখারী: ১৯৩৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ২২১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৯৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ হুমরান ইবনু আবান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90368>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন